# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।
ওয়েব সাইট: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০১১.০৯.৫২৮

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

## সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, ২০২৫ সেশনের চূড়ান্ত পরীক্ষার কেন্দ্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন, ২০২৫ সেশনের পরীক্ষা ইতোমধ্যে প্রকাশিত পরীক্ষার সময়সূচি/রুটিন অনুযায়ী আগামী ২৬ আগস্ট, ২০২৫ খ্রি. মঙ্গলবার হতে বোর্ড কর্তৃক নির্বাচিত নিম্নোক্ত কেন্দ্রে লিখিত পরীক্ষা এবং স্ব স্ব প্রতিষ্ঠানে ব্যবহারিক পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে।

- উল্লেখ্য, সংশ্লিষ্ট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড (Registration Card) পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) হিসেবে গণ্য হবে;
- উক্ত শিক্ষাক্রমের প্রবিধান, ২০০৯ ও সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের পরীক্ষা গ্রহণ করা হবে।

কেন্দ্র তালিকা:

| ক্রমিক | কেন্দ্র কোড | কেন্দ্রের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কোড | পরীক্ষায় অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | পরীক্ষার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১. | ১৬০৩১ | টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, রংপুর। | ১৬২০৪ | মেডিকেয়ার মেডিকেল ইন্সটিটিউট এন্ড আল্ট্রাসাউন্ড, রংপুর। | ০৯ |
| ০২. | ২৩১০৫ | রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউট, সপুরা, রাজশাহী। | ২৩৩৯০ | নিউ লাইফ মেডিকেল ইন্সটিটিউট এন্ড আল্ট্রাসাউন্ড, রাজশাহী। | ০৬ |
| | | | ২৩৩৯৭ | বিউটি ইন্সটিটিউট অব মেডিকেল এন্ড আল্ট্রাসাউন্ড রিসার্স, রাজশাহী। | ১৬ |
| ০৩. | ২৭০৪০ | কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট, কুষ্টিয়া। | ২৭১৪৭ | ক্রিসেন্ট মেডিকেল ইন্সটিটিউট, কুষ্টিয়া। | ১৩ |
| ০৪. | ৫০০৮৮ | মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, ঢাকা। | ৫০৬২৯ | কনফিডেন্স ইন্সটিটিউট অব টেকনোলজি, ঢাকা। | ০৮ |
| | | | ৫০৬৪২ | সাইক ইন্সটিটিউট অব আল্ট্রাসাউন্ড ১৪, সুইডেন প্লাজা, মিরপুর-১, ঢাকা। | ০৯ |
| | | | ৫০৭৮৭ | শ্যামলী মেডিকেল টেকনোলজি ইন্সটিটিউট, শ্যামলী, ঢাকা। | ১৬ |
| | | | ৫০৮৬২ | বাংলাদেশ আল্ট্রাসাউন্ড অ্যান্ড ইমেজিং ইন্সটিটিউট, ঢাকা। | ১০ |
| ০৫. | ৫৩০১৮ | টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, গাছা, গাজীপুর। | ৫০৭১৫ | নর্দান মেডিকেল এন্ড আল্ট্রাসাউন্ড ইন্সটিটিউট, উত্তরা, ঢাকা। | ৩৯ |
| ০৬. | ৫৭০৬৭ | ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট, মাসকান্দা, ময়মনসিংহ। | ৫৭১২৫ | ময়মনসিংহ আল্ট্রাসাউন্ড ট্রেনিং ইন্সটিটিউট, ৯৪/১ নূর মঞ্জিল, ব্রাহ্মপল্লি, ময়মনসিংহ। | ১২ |

০১. সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র কর্তৃক বোর্ড হতে লিথু যুক্ত উত্তরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ

১.১ কেন্দ্র কর্তৃক বোর্ড হতে লিথু যুক্ত উত্তরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
১৯-০৮-২০২৫ খ্রি. হতে ২১-০৮-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।

১.২ পুরাতন লিথুযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না। উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

০২. পরীক্ষা বিষয়ে করণীয়:

২.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;

২.২ পরীক্ষা কেন্দ্রে আসন বিন্যাস দূরত্ব বজায় রেখে করতে হবে;

২.৩ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইন (bteb.online) প্রেরণ করা হবে;

২.৪ অন লাইন (bteb.online) -এর মাধ্যমে প্রশ্ন প্রাপ্তির ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র নিম্নোক্ত বোর্ড কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি ও মোবাইল নম্বর |
|---|---|
| ০১. | প্রকৌশলী মোহাম্মদ মামুনুল ইসলাম, উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। মোবাইল নং ০১৯৭২৫৪৬৮১৩। |
| ০২. | জনাব মোঃ আবুল কালাম আযাদ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) মোবাইল নং ০১৭১৬৭০৪৯৬৩। |

০৩. উত্তরপত্রের লিথুর (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) বৃত্ত ভরাট সংক্রান্ত তথ্যাবলী:

৩.১ পরীক্ষার পর্ব/বর্ষ লিখার প্রয়োজন নাই;

৩.২ কারিকুলাম কোড: ৩৮ (আটত্রিশ) লিখতে হবে;

৩.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজি: ঘর ফাঁকা থাকবে;

৩.৪ পরীক্ষার্থীর রোল লিখার প্রয়োজন নেই (রোলের ঘর ফাঁকা থাকবে)

৩.৫ রেজিস্ট্রেশন নম্বর: ১০ ঘর (অংক) বিশিষ্ট রেজিস্ট্রেশন নম্বর লিখতে থাকবে

৩.৬ সেশন কোড: সেশনের ঘরে, সেশন অনুযায়ী সেশন কোড ২০২৪ লিখতে হবে;

৩.৭ বিষয় কোড: তাত্ত্বিক বিষয় কোড লিখতে হবে;

৩.৮ অতিরিক্ত খাতার সংখ্যা: শুধুমাত্র অতিরিক্ত খাতা গ্রহণের ক্ষেত্রে এ ঘর পূরণ করতে হবে;

৩.৯ পরীক্ষার্থী কর্তৃক উত্তরপত্রের লিথুর অংশ পূরণ করতে যথাযথভাবে কোলো কালির বল পয়েন্ট দিয়ে লিখতে হবে এবং বৃত্ত ভরাট করতে হবে। এ বিষয়ে পরীক্ষার কক্ষে দায়িত্বরত ইনভিজিলেটর (গণ) প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

০৪. পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিত-অনুপস্থিত তথ্য বোর্ডে প্রেরণ সংক্রান্ত

৪.১ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও নাম হাজিরা সীট ও শিরোনামপত্রে উল্লেখ করতে হবে;

৪.২ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে Online- এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে "A" লিখতে হবে;

৪.৩ এ শিক্ষাক্রমের সকল তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার হাজিরাশীট বোর্ডের প্রদত্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে। হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে এবং ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

০৫. পরীক্ষার উত্তরপত্র, লিথু টপ পার্ট ও শিরোনামপত্র বোর্ডে প্রেরণ সংকান্ত

তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার উত্তরপত্র, লিথু টপ পার্ট ও শিরোনামপত্র পরীক্ষার দিনই স্থানীয় ডাকঘরে একটি প্যাকেট করে অবশ্যই হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে বোর্ডের নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে:

| | | |
|---|---|---|
| প্রাপক | : | পরীক্ষা নিয়ন্ত্রক |
| দৃষ্টি আকর্ষণ | : | উপপরীক্ষা নিয়ন্ত্রক<br>শর্ট কোর্স পরীক্ষা শাখা, ভবন-১ (৫ম তলা), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড উপ-ডাকঘর, আগারগাঁও, ঢাকা-১২১০। |
| বিষয় | : | CMU |
| তারিখ | : | |
| মোবাইল | : | ০১৬৩২৪৮৬০৬৪ (অফিস) |

০৬. প্রতিষ্ঠান কর্তৃক চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডে প্রেরণ

৬.১ ব্যবহারিক পরীক্ষার সময়সূচি/রুটিন অনুযাযী স্ব স্ব প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন;

৬.২ আভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ দিয়ে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট বিষয়ের পাঠদানকারি শিক্ষক হবেন আভ্যন্তরীণ পরীক্ষক।

৬.৩ অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ এন্ট্রি এবং প্রিন্টকৃত কপি বোর্ডে জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

| অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এন্ট্রির তারিখ | চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বরের প্রিন্টকৃত হার্ডকপি বোর্ডে জমাদানের তারিখ |
|---|---|
| ২৬-০৮-২০২৫ খ্রি. হতে ০৩-০৯-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত | ০৮-০৯-২০২৫ খ্রি. তারিখের মধ্যে |

৬.৪ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এর উত্তীর্ণ মান ৬০%;

৬.৫ উক্ত তারিখের মধ্যে অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এন্ট্রি করণে ব্যর্থ হলে এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ফলাফলে এর প্রভাব পরলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবেন। এর দায়ভার বোর্ডের উপর বর্তাবে না।

বিঃ দ্রঃ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন ফি জমা/হালনাগাদপূর্বক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৩/০৮/২০২৫
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০১১.০৯.৫২৮ (১৭) তারিখ: ১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
০৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
০৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের অনুরোধসহ।
০৯। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান/সিলেবাস অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের অনুরোধসহ ।
১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১১। কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রসমূহ। উল্লিখিত তারিখ অনুযায়ী লিথুযুক্ত উত্তরপত্র গ্রহণ এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১২। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উল্লিখিত তারিখে কেন্দ্রসমূহকে লিথুযুক্ত উত্তরপত্র ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল সরবরাহের অনুরোধসহ।
১৫। অধ্যক্ষ/পরিচালক, সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬। পি ও টু, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। নথি।

১৩.০৮.২৫
(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।